তারিখ 12 APR 2017

দৈনিক
ইত্তেফাক

# বৈশাখী ভাতার দাবিতে সারাদেশে শিক্ষকদের নানা কর্মসূচি

**ইত্তেফাক ডেস্ক**

বৈশাখী ভাতার দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির আহ্বানে মঙ্গলবার সারাদেশে অবস্থানসহ নানা কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

**চাঁপাইনবাবগঞ্জ:** চাঁপাইনবাবগঞ্জে অবস্থান কর্মসূচি পালন করেছেন বেসরকারি কলেজ ও হাই স্কুলের শিক্ষকরা। শহরের বঙ্গবন্ধু মুক্তমঞ্চে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট, চাঁপাইনবাবগঞ্জ জেলা শাখার ব্যানারে কর্মসূচি পালন করেন তারা। চাঁপাইনবাবগঞ্জ জেলা কলেজ শিক্ষক কর্মচারী কল্যাণ সমিতি-নজেকশিসের সভাপতি ও শাহনেয়ামতুল্লাহ কলেজের অধ্যক্ষ আনোয়ারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অবস্থান কর্মসূচিতে বক্তব্য রাখেন নজেকশিসের সাধারণ সম্পাদক আতাউর রহমান প্রমুখ।

**বাগেরহাট:** জেলার সকল প্রতিষ্ঠানে কর্মবিরতি পালন করা হয় বলে নিশ্চিত করেছেন সংগঠনের বাগেরহাট জেলা কমিটির সাধারণ সম্পাদক মুকুন্দ কুমার দাস। একই সঙ্গে দ্রুত দাবি পূরণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করে বিবৃতি দিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতির বাগেরহাট জেলা শাখার সভাপতি আ. মান্নান, শিক্ষক নেতা আলী আহম্মদ গাজী প্রমুখ।

**সাতক্ষীরা:** সাতক্ষীরা প্রেস ক্লাবের সামনে মানববন্ধনের আয়োজন করে মাধ্যমিক স্কুল শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ কমিটি, জেলা শাখা। কমিটির আহ্বায়ক শিক্ষক আমান উল্লাহ আমানের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন লিয়াজোঁ কমিটির সদস্য সচিব শামসুল আলম, যুগ্ম আহ্বায়ক আনন্দ কুমার, এনামুল হক প্রমুখ।

**নোয়াখালী:** জেলা শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে মানববন্ধন ও সমাবেশ করে কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) নোয়াখালী জেলা শাখা। সভায় সভাপতিত্ব করেন জেলা বাকশিসের আহ্বায়ক অধ্যাপক মতিন উদ্দিন আহমেদ। বক্তব্য রাখেন অধ্যক্ষ আবুল বাসার বাহার, অধ্যাপক আলাউদ্দিন চৌধুরী, অধ্যক্ষ রাহাবার হোসেন, অধ্যক্ষ আবু জাফর মো. হারুন, অধ্যক্ষ মো. নাজিম উদ্দিন প্রমুখ।

**লক্ষ্মীপুর:** লক্ষ্মীপুরে অবস্থান ধর্মঘট পালন করেছে মাধ্যমিক শিক্ষক সমিতি। উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির আয়োজনে লক্ষ্মীপুর প্রেস ক্লাবের সামনে ঘণ্টাব্যাপী চলে এ কর্মসূচি। উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আনোয়ার হোসেনের সভাপতিত্বে অবস্থান ধর্মঘটে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মো. কামাল হোসেন, সহ-সভাপতি মাহবুবুর রহমান চৌধুরী, সাংগঠনিক সম্পাদক আবদুর রব হেলাল প্রমুখ।

**টাঙ্গাইল:** জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট, টাঙ্গাইল জেলা শাখার উদ্যোগে শহীদ মিনার প্রাঙ্গণে অবস্থান কর্মসূচি পালিত হয়। এতে সভাপতিত্ব করেন ফ্রন্টের কেন্দ্রীয় নেতা অধ্যাপক আজাহারুল ইসলাম মিয়া। বক্তব্য রাখেন অধ্যক্ষ রেনুবর রহমান, উপাধ্যক্ষ মতিউর রহমান, অধ্যাপক এসএম আউয়াল প্রমুখ।

**মঠবাড়িয়া (পিরোজপুর):** মঠবাড়িয়ায় কালো ব্যাচ ধারণ করে একদিনের কর্মবিরতি পালন করেছেন শিক্ষকরা। শিক্ষক সংগঠনের উদ্যোগে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলার ২৪টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এ কর্মসূচি পালন করে।

**চন্দনাইশ (চট্টগ্রাম):** চন্দনাইশ উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা কর্মবিরতি পালন করেছেন। উপজেলার ২৬টি বিদ্যালয়ের মধ্যে ফেডারেশন সমিতি ছাড়া ১৫ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা কর্মবিরতি পালন করেছেন বলে চন্দনাইশ উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মাস্টার ছৈয়দ হোসেন জানিয়েছেন।

**নগরকান্দা (ফরিদপুর):** নগরকান্দায় সকল বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় শিক্ষক-কর্মচারীরা কর্মবিরতি ও কালো ব্যাচ পরে কর্মসূচি পালন করেছেন।

**হোসেনপুর (কিশোরগঞ্জ):** হোসেনপুর উপজেলার বিভিন্ন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারীরা কর্মবিরতি ও কালো ব্যাচ ধারণ করেন। শিক্ষকদের ন্যায্য দাবি দ্রুত বাস্তবায়নের জন্য বক্তব্য রাখেন কিশোরগঞ্জ জেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আফাজুর রহমান খান, অর্থ সম্পাদক প্রদীপ কুমার সরকার, হোসেনপুর আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ফরহাদ উদ্দিন প্রমুখ।

সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর